NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

# একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী





এখন বিভিন্ন মাধ্যমে উপলব্ধ
একদিন
Website : www.ekdinnews.com
http://youtube.com/@dailyekdin2165
Epaper : ekdin-epaper.com
শেয়ার এবং সাবস্ক্রাইব করুন

৩ পুরনিয়োগ দুর্নীতিতে সুজিত বসুর স্ত্রী, ছেলে ও মেয়েকে নোটিস ইডির

সিঁথি এলাকায় সোনা লুঠ: ধৃত ওয়ার্কশপের প্রাক্তন কর্মী ৩

কলকাতা ১৪ নভেম্বর ২০২৫ ২৭ কার্তিক ১৪৩২ শুক্রবার উনবিংশ বর্ষ ১৫৩ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 14.11.2025, Vol.19, Issue No. 153, 8 Pages, Price 3.00

# ‘উকাসা’র আড়ালে সন্ত্রাসের নকশা

## সাঙ্কেতিক শব্দে তুরস্ক থেকে নাশকতার ছক

**নয়াদিল্লি, ১৩ নভেম্বর:** দিল্লি বিস্ফোরণকাণ্ডে বিদেশি হ্যান্ডলারের যোগের সম্ভাবনা উঠে আসছে। তদন্তকারীদের একটি সূত্রের দাবি, চিকিৎসক উমর-উন-নবির সঙ্গে যোগাযোগের জন্য সাঙ্কেতিক নাম (কোডনেম) ব্যবহার করা হচ্ছিল। সেই সাঙ্কেতিক নাম চিহ্নিত করা হয়েছে। টাইমস অফ ইন্ডিয়া-র প্রতিবেদন অনুযায়ী, তদন্তকারীদের এক সূত্রের খবর, ‘উকাসা’- এই সাঙ্কেতিক শব্দের মাধ্যমে নির্দেশ আসছিল উমরের কাছে। ওই সূত্রের আরও দাবি, দিল্লির জঙ্গি মডিউলকে পরিচালনা করা হচ্ছিল ওই সাঙ্কেতিক নাম ব্যবহার করে। আর সেই নির্দেশ আসছিল তুরস্কের এক হ্যান্ডলারের কাছ থেকে।

তদন্তকারীদের সূত্রের দাবি, এই ‘উকাসা’ই ফরিদাবাদের আল ফালাহ্ বিশ্ববিদ্যালয়ের চিকিৎসক উমর এবং তাঁর সঙ্গীদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখছিল। মূলত জইশ-ই-মহম্মদ এবং অনসার গজওয়াত-উল-হিন্দ-এই দুই জঙ্গি সংগঠনের হ্যান্ডলারদের সঙ্গে উমরদের যোগাযোগের মাধ্যম হিসাবে কাজ করছিল ‘উকাসা’ তথা তুরস্কের হ্যান্ডলার। উমরদের সঙ্গে ‘সেশন’ নামে একটি শক্তিশালী ‘এনক্রিপ্টেড’ অ্যাপের মাধ্যমে কথোপকথন চলত ওই সাঙ্কেতিক নাম ব্যবহার করে।

অন্যদিকে, দিল্লির বিস্ফোরণকাণ্ডে হরিয়ানার ফরিদাবাদের আল ফালহা বিশ্ববিদ্যালয়ের নাম জড়িয়ে যেতেই সেখানে তল্লাশি অভিযানে উদ্ধার হয় দু’টি ডায়েরি। যে দু’টি ডায়েরি উদ্ধার হয়েছে, তাতে পাতা জুড়ে ভর্তি সাঙ্কেতিক শব্দ। ‘এনক্রিপ্টেড মেসেজ’। যদিও সন্দেহভাজন জঙ্গিদের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের কোনও যোগসূত্র ছিল না বলেই দাবি করেছেন কর্তৃপক্ষ। ওই সূত্রের দাবি, আল ফালহ্ বিশ্ববিদ্যালয়ের ১৩ এবং ৪ নম্বর ঘর থেকে উদ্ধার হয়েছে ওই ডায়েরিগুলি। সন্দেহ করা হচ্ছে, ১৩ নম্বর ঘরে থাকতেন মুজাম্মিল। এবং ৪ নম্বর ঘরে থাকতেন উমর। তদন্তকারী সংস্থার এক সূত্রের খবর, যে ডায়েরি এবং নোটবুক উদ্ধার হয়েছে, তাতে বহু সাঙ্কেতিক শব্দ, বেশ কয়েক জনের নাম, ফোন নম্বর উদ্ধার হয়েছে। শুধু তা-ই নয়, ৮ থেকে ১২ নভেম্বর পর্যন্ত তারিখও উল্লেখ করা হয়েছে। আর তা থেকেই তদন্তকারীদের সন্দেহ, ভারতে ধারাবাহিক বিস্ফোরণের ছক কষা হয়েছিল। ওই সূত্র আরও দাবি করেছে, ডায়েরিতে ‘শিপমেন্ট, প্যাকেজ এবং অপারেশন’-এর মতো সাঙ্কেতিক শব্দ পাওয়া গিয়েছে। তদন্তকারীদের ওই সূত্রের দাবি, ডায়েরি থেকে ২৫-৩০ জনের নাম পাওয়া গিয়েছে। তাঁদের বেশির ভাগই জম্মু-কাশ্মীরের এবং ফরিদাবাদ ও তার আশপাশের এলাকার। আর এখান থেকেই তদন্তকারীদের সন্দেহ, তাঁদের মতোই লোকজনকে নিজেদের দল শামিল করতেন যাতে কেউ সন্দেহ করতে না পারে। আর এ ভাবেই গড়ে তোলা হয়েছে ‘ডক্টর মডিউল’।

তদন্তকারী সংস্থা সূত্রের দাবি, ‘উকাসা’র অর্থ আরবিতে মাকড়সা বা মাকড়সার জাল। এটি হ্যান্ডলারের আসল নাম নয়। পরিচয় গোপন রাখতেই এই সাঙ্কেতিক নাম ব্যবহার করা হয়েছে। ওই সূত্রের আরও দাবি, তদন্তে নেমে ‘উকাসা’র অবস্থান চিহ্নিত করা হয়েছে। দেখা গিয়েছে, তুরস্কের রাজধানী আঙ্কারা থেকে এই কোড ব্যবহার করে উমরদের সঙ্গে যোগাযোগ স্থাপন চলছিল। তদন্তকারীদের সন্দেহ, ‘উকাসা’ই দিল্লি জঙ্গি মডিউলের গতিবিধি, তাঁদের অর্থের জোগান দেওয়া এবং মগজধোলাইয়ের কাজ করছিল। তদন্তকারীদের ওই সূত্র বলছে, এই সন্দেহ আরও দৃঢ় হয়েছে ২০২২ সালে উমর এবং তাঁর তিন সঙ্গীর তুরস্ক যাত্রার ফলে। যে কারণে, ‘উকাসা’ এবং উমরদের তুরস্ক যাত্রা, এই দু’টি ঘটনাকে জুড়ে দেখা হচ্ছে।

ওই সূত্রের দাবি, সেই সময় উমরদের সঙ্গে যোগাযোগ রাখছিল ‘উকাসা’ই। তদন্তকারীরা মনে করছেন, ভারতে ধারাবাহিক বিস্ফোরণের যে ছক কষা হয়েছিল এবং সেই হামলার জন্য যে জঙ্গি মডিউল তৈরি করা হয়েছিল, সে ক্ষেত্রে ‘উকাসা’র বড় ভূমিকা রয়েছে।

তদন্তকারীদের এক সূত্র জানিয়েছে, গোয়েন্দারা ‘উকাসা’র ডিজিটাল তথ্য সংগ্রহের চেষ্টা করছেন। পাকিস্তানের জঙ্গিগোষ্ঠীগুলির সঙ্গে এই হ্যান্ডলারের কোনও যোগ ছিল কি না, তা-ও খতিয়ে দেখা হচ্ছে। তদন্তকারীরা এখন এটাই খোঁজার চেষ্টা করছেন যে, কী ভাবে ‘ডক্টর মডিউল’কে পরিচালনা করা হচ্ছিল। আর নেপথ্যে সেই ‘উকাসা’ আসলে কে বা কারা।



## ধারাবাহিক বিস্ফোরণের জন্য তৈরি ছিল ৩২ গাড়ি

**নয়াদিল্লি, ১৩ নভেম্বর:** দেশে ধারাবাহিক ৬ টি বিস্ফোরণ ঘটাতে ৩২টি গাড়িকে প্রস্তুত রাখা হচ্ছিল। দিল্লির লালকেল্লার কাছে হুন্ডাই আই ২০-তে বিস্ফোরণ হয়। তবে শুধু এই গাড়িটিই নয়, বৃহস্পতিবার এনডিটিভি-কে তদন্তরকারী সংস্থার এক সূত্রে জানানো হয়েছে, সুজুকি ব্রেজা, সুইফট ডিজায়ার, ফোর্ড ইকোস্পোর্ট, এই তিনটি গাড়িতেও বিস্ফোরক বোঝাই করে পাঠানোর পরিকল্পনা করা হয়েছিল।

বাবরি মসজিদ ধ্বংসের বর্ষপূর্তিতে দিল্লির ৬ জায়গায় বিস্ফোরণের ছক ছিল জঙ্গিদের। সূত্র মারফত জানা গিয়েছে, বিস্ফোরণের জন্য ৩২টি গাড়ি বেছে নেওয়া হয়েছিল। প্রত্যেকটি গাড়িই একাধিকবার হাতবদল হয়েছে বলে তদন্তকারীদের অনুমান। বাবরি ধ্বংসের বদলা নিতে রাজধানীর ৬টি জায়গা টার্গেট করা হয়েছিল হামলার জন্য। সোমবার দিল্লিতে বিস্ফোরণের কোনও পরিকল্পনাই ছিল না জঙ্গিদের।

অন্যদিকে, লালকেল্লার অদূরে বিস্ফোরণের ঘটনায় এ বার প্রকাশ্যে এসেছে নতুন সিসিটিভি ফুটেজ। জানা গিয়েছে, সোমবার সন্ধ্যায়, বিস্ফোরণের ঠিক আগে একটি মসজিদে ঢুকেছিলেন সেই ‘ঘাতক’ গাড়ির চালক উমর উন-নবি। বৃহস্পতিবার প্রকাশ্যে আসা ওই ফুটেজে দেখা গিয়েছে, সোমবার সন্ধ্যায় পুরনো দিল্লির তুর্কমান গেট এলাকার ফৈজ-ই-ইলাহি মসজিদের দিকে ধীরপায়ে হেঁটে যাচ্ছেন উমর। কোনও দিকে না তাকিয়ে রাস্তা ধরে সোজা হেঁটে যাচ্ছেন তিনি, পরনে কালো পোশাক। মাঝে এক বার মাথা ডান দিকে ঘোরাচ্ছেন, তখনই সিসিটিভিতে তাঁর মুখ ধরা পড়ছে। তার পর ফের সামনে হেঁটে যাচ্ছেন তিনি। তার পর তাঁকে আর দেখা যায়নি। তদন্তকারীদের অনুমান, বিস্ফোরণের আগে ওই মসজিদেই গিয়েছিলেন উমর।

দিল্লি বিস্ফোরণ কাণ্ডের মূল অভিযুক্ত মুজাম্মিলকে জিজ্ঞাসাবাদের পর মিলছে বিস্ফোরক তথ্য। জানা যাচ্ছে, সাধারণতন্ত্র দিবসেই বিস্ফোরণের পরিকল্পনা ছিল আততায়ীদের। আর সেজন্য লালকেল্লায় রেইকিও করে যায় তারা। এছাড়াও এবছরের দীপাবলিতেও নাকি জনবহুল স্থানে বিস্ফোরণ ঘটানোর মতলব ছিল তাদের। কিন্তু তা কার্যকর করা যায়নি। তদন্তে উঠে এসেছে, মূলত ফরিদাবাদের আল ফালা বিশ্ববিদ্যালয়ের বেশ কয়েকজন চিকিৎসক রয়েছে এই নাশকতার নেপথ্যে। জম্মু ও কাশ্মীর পুলিশ একে বলছে ‘হোয়াইট কলার টেরর ইকোসিস্টেম’।

## প্রত্যাবর্তন না পরিবর্তন, আজ ফল বিহারের



**পাটনা, ১৪ নভেম্বর:** আজ ঘোষিত হতে চলেছে বিহার বিধানসভা নির্বাচনের ফলাফল। সকাল আটটা থেকেই শুরু হবে ভোটগণনা। দুই দফায় সম্পন্ন হওয়া এই নির্বাচনে রেকর্ড ভোটদান রাজনৈতিক মহলে নতুন উত্তেজনা সৃষ্টি করেছে। নির্বাচন কমিশনের পরিসংখ্যান অনুযায়ী, এবারের মোট ভোটদানের হার ৬৬.৯১ শতাংশ, যা ১৯৫১ সালের পর সর্বোচ্চ।

প্রথম দফায় ভোটগ্রহণ হয়েছিল ৬ নভেম্বর, সেখানে ভোটদানের হার ছিল ৬৪.৬৬ শতাংশ। দ্বিতীয় দফায়, ১১ নভেম্বর, তা বেড়ে দাঁড়ায় ৬৯.২০ শতাংশে। বিশেষভাবে উল্লেখযোগ্য, নারী ভোটারদের বিপুল উপস্থিতি, মোট ৭১.৬ শতাংশ নারী ভোট দিয়েছেন, যেখানে পুরুষ ভোটারের হার ৬২.৮ শতাংশ। বিশেষজ্ঞদের মতে, এই প্রবণতা রাজনৈতিক পরিবর্তনের পূর্বাভাসও হতে পারে। কারণ ঐতিহাসিকভাবে দেখা যায়, বেশি ভোটদানের অর্থ সাধারণত জনমানসে পরিবর্তনের আকাঙ্ক্ষার প্রতিফলন।

শাসক-বিরোধী দুই শিবিরেই সেলিব্রেশনের প্রস্তুতি তুঙ্গে। কিন্তু জিতবে কে, তা নিয়ে দুই শিবিরই আত্মবিশ্বাসী। অন্তত প্রকাশ্যে আত্মবিশ্বাস দেখাচ্ছেন। উল্লেখ্য, বিহারে ফের নীতীশ-মোদীর ঝড় আসছে। অধিকাংশ সংস্থার এক্সিট পোল বলছে সে কথাই। কিন্তু দেশের অন্যতম জনপ্রিয়, নামী সমীক্ষক সংস্থা অ্যাক্সিস-মাই ইন্ডিয়া খানিকটা হলেও অন্য কথা বলছে। অ্যাক্সিসের সমীক্ষা বলছে, বিহারের লড়াই মোটেই একপেশে নয়। এনডিএ সামান্য এগিয়ে থাকলেও বিহারে লড়াই হতে চলেছে একেবারে সেয়ানে সেয়ানে। যাই হোক অ্যাক্সিসের সমীক্ষাতেও এগিয়ে এনডিএ-ই।

তবে সব জল্পনার মধ্যেও রাজ্যে ক্ষমতাসীন ন্যাশনাল ডেমোক্র্যাটিক অ্যালায়েন্স (এনডিএ) আত্মবিশ্বাসী। মুখ্যমন্ত্রী নিতীশ কুমার নেতৃত্বাধীন এই জোটের মুখোমুখি তেজস্বী যাদবের মহাগঠবন্ধন, যেখানে আরজেডি ও কংগ্রেস একত্রে প্রতিদ্বন্দ্বিতা করছে। একাধিক সমীক্ষা ইঙ্গিত দিয়েছে, এনডিএ এখনও এগিয়ে, তবে ভোটদানের এই রেকর্ড হার শেষ পর্যন্ত ফলাফলে প্রভাব ফেলতে পারে বলেই বিশ্লেষকদের অভিমত। এবার নজর থাকবে নারী ও যুব ভোটে। যেখানে দুই শিবিরই প্রচারে জোর দিয়েছিল। আজ বিকেলের মধ্যেই পরিষ্কার হয়ে যাবে, রেকর্ড ভোটের এই নির্বাচনে বিহার বেছে নিচ্ছে ‘বদলের বার্তা’ নাকি ‘স্থায়িত্বের আশ্বাস’।

## পাক হুমকি-ফোনের অভিযোগ শুভেন্দুর

**নিজস্ব প্রতিবেদন:** বৃহস্পতিবার কলকাতা বিমানবন্দরে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানালেন, গত দু’দিনে পাকিস্তান থেকে হুমকি ফোন এসেছে তাঁর কাছে। শিলিগুড়ি যাওয়ার আগে এই অভিযোগ তুলে তিনি জানান, ‘কয়েকদিন আগেও পাকিস্তান থেকে আমাকে হুমকি ফোন এসেছে।’ এই ঘোষণা রাজ্যের রাজনৈতিক মহলে ব্যাপক সাড়া ফেলেছে। কারণ, শুভেন্দু শুধু রাজ্যের বিরোধী নেতা নন, বরং নন্দীগ্রাম আন্দোলনের পর থেকেই মাওবাদী হুমকির কারণে বাড়তি নিরাপত্তায় রয়েছেন।

সূত্রের খবর অনুযায়ী, শুভেন্দুর ব্যক্তিগত হোয়াটসঅ্যাপ নম্বরেই কল এসেছিল যা তিনি কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রককে জানিয়েছেন। সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি বিস্তারিত বলতে চাননি, শুধু বলেন, ‘আমার অনেক সময় থ্রেট কল আসে। দু’দিন আগে পাকিস্তান থেকে এক কল পেয়েছি। যাদের জানানো দরকার, তাদের জানিয়ে রেখেছি। এরা বারবার হুমকি দেয়, বাংলাদেশ থেকেও নিয়মিত করে। আমার নম্বর সবার জানা।’ উল্লেখ্য, দেশের নিরাপত্তায় উদ্বেগের প্রেক্ষিতে গত সোমবার দিল্লির লালকেল্লার কাছে গাড়িতে বিস্ফোরণের ঘটনা ঘটেছিল। এনআইএ এই ঘটনার তদন্তভার নিয়েছে এবং দেশের বিভিন্ন জায়গায় তল্লাশি চালাচ্ছে। বুধবার মুর্শিদাবাদের নবগ্রামে এনআইএ তল্লাশি চালানোর খবর এসেছিল। এই ঘটনা ঘিরেই শুভেন্দুর কাছে প্রশ্ন করা হয়েছিল বিমানবন্দরে। তবে তিনি মূলত হুমকির বিষয়টাই সামনে আনেন।




## আর বিধায়ক নন মুকুল, পদই খারিজ হাইকোর্টের

**নিজস্ব প্রতিবেদন:** তৃণমূল নেতা মুকুল রায়ের বিধায়কপদ খারিজ করে দিল কলকাতা হাইকোর্ট। একই সঙ্গে বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় যে সিদ্ধান্ত নিয়েছিলেন মুকুল প্রসঙ্গে, তা-ও খারিজ করে দেওয়া হয়েছে। মুকুল কৃষ্ণনগর উত্তরের বিধায়ক ছিলেন। তাঁর পদ খারিজ হওয়ায় ওই আসন খালি হয়ে গেল। তবে ওই আসনে এই মুহূর্তে নতুন করে আর উপনির্বাচন হবে না বলেই মনে করা হচ্ছে। কারণ, ২০২৬ সালের বিধানসভা নির্বাচন আসন্ন।

মুকুল রায়ের বিধায়ক পদ খারিজের রায়কে কেন্দ্র করে রাজনৈতিক মহলে শুরু হয়েছে নতুন বিতর্ক। বুধবার কলকাতা হাইকোর্টের রায়ের পর রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় তীব্র প্রতিক্রিয়া জানিয়েছেন। তিনি বলেন, ‘এই রায় বিতর্কিত। বিধানসভার কাস্টডিয়ান হিসেবে আমি সংবিধান অনুযায়ী কাজ করেছি।’

অধ্যক্ষ জানান, ‘আমি যে ভাবে কেসটি দেখেছিলাম, তার প্রেক্ষিতেই নির্দেশ দিয়েছিলাম। এখন আমি হাইকোর্টের অর্ডার কপি দেখতে চাই। তারপরই সিদ্ধান্ত নেব, পরবর্তী পদক্ষেপ কী হবে।’



বিরোধী শিবিরের সমালোচনার জবাবে বিমান বন্দ্যোপাধ্যায় বলেন, ‘বিরোধীরা কখনও স্পিকারের প্রশংসা করে না। আমি আমার দায়িত্ব পালন করেছি। সংবিধান মেনেই কাজ করেছি। পদত্যাগ চাইতেই পারে কেউ, কিন্তু তাতে কিছু হয় না।

### ‘ঐতিহাসিক রায়’কে স্বাগত শুভেন্দুর

**নিজস্ব প্রতিবেদন:** রায়ের পর শুভেন্দু অধিকারী এক বিবৃতিতে বলেন, ‘অবশেষে সত্যের জয় হল, যদিও একটু বিলম্বে। আদালত সংবিধানের মর্যাদা ও দশম তপসিলের পবিত্রতা রক্ষা করেছে। এই রায় প্রমাণ করল যে, গণতন্ত্রে দলত্যাগ ও পক্ষপাতদুষ্ট সিদ্ধান্তের কোনও স্থান নেই।’

হাইকোর্টের রায়কে স্বাগত জানিয়ে একে ‘সংবিধানের জয়’ বলে উল্লেখ করেছেন। তাঁর কথায়, ‘দেশের সংবিধান জিতেছে। বিধানসভার তৃণমূলের অধ্যক্ষ এবং মমতা বন্দ্যোপাধ্যায়ের পরাজয় হয়েছে। আবার প্রমাণ হল, বিজেপি সংবিধান রক্ষার জন্য লড়াই করে।’ তিনি আরও বলেন, ‘আমি আন্তরিকভাবে এই ঐতিহাসিক রায়কে স্বাগত জানাই। আদালত স্পিকারের পক্ষপাতদুষ্ট মনোভাবের বিরুদ্ধে কঠোর অবস্থান নিয়েছে, যা ভবিষ্যতের জন্য এক গুরুত্বপূর্ণ নজির।’

## বিশ্ব পরিচালকদের বাংলার সিনেমাশিল্পে আহ্বান মমতার

**নিজস্ব প্রতিবেদন:** ‘কেআইএফএফ জনগণের উৎসব। মানুষের টাচ না থাকলে রোবোটিক দিয়ে ক্রিয়েটিভ কাজ হয় না’। কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের সমাপ্তি অনুষ্ঠানে এসে এমনই মন্তব্য করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বিশ্বের বিভিন্ন প্রান্তের সিনেনির্মাতাদের টলিউডের সঙ্গে গাঁটছড়া বাঁধার আমন্ত্রণও জানান মুখ্যমন্ত্রী।

রবিবার কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের (কেআইএফএফ) সমাপ্তি অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীর উপস্থিতি ছিল সম্পূর্ণ চমকপ্রদ। তিনি নিজেই জানান, তাঁর আসার কথা ছিল না, তবে ‘সারপ্রাইজ ভিজিট’-এর সিদ্ধান্ত নেন তিনি।

মুখ্যমন্ত্রী বলেন, ‘এই উৎসবকে সফল করার পিছনে যারা কাজ করেছেন, তাঁদের প্রত্যেককে ধন্যবাদ জানাই। জুরি সদস্য, বিদেশি অতিথি, টেকনিশিয়ান, শিল্পী, সবাই মিলে এই উৎসবকে মানুষের উৎসবে পরিণত করেছেন।’ বিদেশি অতিথিদের ‘ভাই-বোন’ বলে সম্বোধন করে তিনি অনুরোধ করেন, ‘পরের বছরও নির্দিষ্ট দৃষ্টিভঙ্গি নিয়ে আবার আসুন।’

মুখ্যমন্ত্রীর সংযোজন, ‘আপনাদের সকলকে ধন্যবাদ কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে আসার জন্য। পরেরবারও আসবেন। আশা করি, আগামি দিনে সুনিশ্চিত কোনও লক্ষ্য এবং পরিকল্পনা নিয়ে ফিরবেন। বাংলায় পরিকাঠামো আছে। প্রতিভাও আছে। লোকেশন হিসেবে জঙ্গল-জলাশয় থেকে বঙ্গোপসাগর রয়েছে। পাহাড়ি এলাকাও পাবেন।



বাংলার পরিচালক, শিল্পীদের সঙ্গে কাজ করুন। হলিউড খুব জনপ্রিয়, বলিউডও তাই। ওদের অর্থনৈতিক ক্ষমতা আছে। তবে বাংলা ভারতের কালচারাল ক্যাপিটাল। তাই আপনারা যদি টলিউডের সঙ্গে জোট বেঁধে কাজ করেন আমি কথা দিতে পারি, টলিউড বিশ্বের সেরা সিনেমা উপহার দিতে পারে। যদি আপনারা একটু উৎসাহ জোগান। আমরা চাই বাংলা সিনেমা বিশ্বের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে পড়ুক।’ সাতদিন ব্যাপী এই সিনেউৎসবে যদি কিছু ভুল হয়, তার জন্যেও আপনজনের মতো ক্ষমা চেয়ে নিলেন মুখ্যমন্ত্রী। শেষপাতে মমতা বন্দ্যোপাধ্যায় জানালেন, ‘কিফ উৎসব জনগণের উৎসব। ৩২তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব আরও বড় হবে।’

তিনি আরও বলেন, ‘আমরা শান্তিপূর্ণ পৃথিবী চাই। বাংলা উৎসবপ্রিয়, কারণ উৎসবের মধ্য দিয়েই মেধা গড়ে ওঠে। রোবোটিক দিয়ে ক্রিয়েটিভ কাজ হয় না, দরকার হয় মানুষের টাচ।’ মমতা বন্দ্যোপাধ্যায় জানান, ‘কেআইএফএফ কেবল সরকারের অনুষ্ঠান নয়, এটা জনগণের উৎসব। বাংলার কলাকুশলীদের আমি কৃতজ্ঞতা জানাই, তাঁদের জন্যই আজ সিনেমা পৌঁছে যাচ্ছে গানে, কথায়, রাস্তায় রাস্তায়, পাড়ায় পাড়ায়।’ সমাপ্তি বক্তব্যে মুখ্যমন্ত্রী আবারও বলেন, ‘চলচ্চিত্র মানে শুধু পর্দার কাজ নয়, এটা মানুষের হৃদয়ের শিল্প। সেই স্পর্শই কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবকে অন্য মাত্রা দিয়েছে।’

## পারদের হঠাৎ পতনে শীতের আমেজ বঙ্গে

**নিজস্ব প্রতিবেদন:** উইকেন্ড পর্যন্ত জমিয়ে শীতের আমেজ। আগামী সপ্তাহের শুরুতে সামান্য বাড়তে পারে তাপমাত্রা। আপাতত কলকাতায় ১৭ থেকে ১৮ ডিগ্রি সেলসিয়াসের ঘরে পারদ। পাশাপাশি পশ্চিমের জেলায় ১৩ থেকে ১৪ ডিগ্রি সেলসিয়াসের ঘরে তাপমাত্রা। জমিয়ে শীতের আমেজ রাজ্যজুড়ে। স্বাভাবিকের থেকে দুই থেকে চার ডিগ্রি সেলসিয়াস নিচে তাপমাত্রা। এদিকে বুধবার এক ধাক্কায় স্বাভাবিকের চেয়ে ৩ ডিগ্রি সেলসিয়াস নেমে কলকাতার পারদ পৌঁছেছে ১৭ ডিগ্রি সেলসিয়াসে। কোনও কোনও জেলায় তাপমাত্রা ১৩ ডিগ্রি সেলসিয়াসেও পৌঁছে গিয়েছে।

আলিপুর আবহাওয়া দপ্তরের তরফ থেকে জানানো হয়েছে, অবাধ বাড়ছে পশ্চিমের শীতল হাওয়া। কোনও পশ্চিমী ঝঞ্ঝার বাধা নেই। বঙ্গোপসাগরে আপাতত কোনও নিম্নচাপ তৈরির সম্ভবনা নেই যা শীতে বাধা হয়ে দাঁড়ায়। সেই কারণে শীতল পশ্চিমী হাওয়ায় রাজ্যের তাপমান নামল অনেকটাই। আলিপুর আবহাওয়া অফিসের পূর্বভাস, আগামী ছয় থেকে সাতদিন দক্ষিণবঙ্গে আপাতত শুষ্ক আবহাওয়া থাকবে। তাপমাত্রার খুব একটা পরিবর্তন হবে না।

## অগ্রণী ভূমিকায় নির্বাচন কমিশন

বিশেষ সংবেদনশীল সমীক্ষার (এসআইআর) দ্বিতীয় পর্যায়ের অধীনে পশ্চিমবঙ্গ সহ ১২টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে নির্বাচনী ফর্ম (ইএফ) বিলি চলছে জোরকদমে। নির্বাচন কমিশনের সদ্য প্রকাশিত বুলেটিন অনুযায়ী, পশ্চিমবঙ্গে ১০,০১,৬৮,৬৫৯ জন ভোটারের মধ্যে ৯,৩০,১৯,৫৬৭ জনের হাতে ইএফ বিতরণ করা হয়েছে। এখানে প্রায় ৯২.৭১ শতাংশ ভোটার ইতিমধ্যেই ফর্ম পেয়ে গেছেন বলে সরকারি প্রতিবেদন থেকে জানা গেছে। সংখ্যার নিরিখে পশ্চিমবঙ্গ এই উদ্যোগে তুলনামূলকভাবে শীর্ষ স্থান দখল করেছে, কেননা মোট ১২টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে প্রায় ৪২ কোটি ফর্ম বিতরণ হয়েছে এবং পশ্চিমবঙ্গ একাই ৯ কোটির বেশি বিতরণ করেছে। বুলেটিন অনুযায়ী, রাজ্যে ৪৭,৪৬৮ জন ব্লক লেভেল অফিসার দায়িত্ব পালন করছেন এবং তাঁদের মাধ্যমে এই সুবিস্তৃত বিতরণ প্রক্রিয়া কার্যকর হয়েছে। ফর্ম বিলির অগ্রগতি ও বিতরণের হার নির্বাচনী তালিকা সংশোধনের কাজে বড় ভূমিকা রাখবে বলে মনে করছেন সংশ্লিষ্ট মহল। কমিশন সূত্রে আরও জানানো হয়েছে, ৪ নভেম্বর থেকে ৪ ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত এই বিশেষ সমীক্ষার সময়সীমা ধার্য করা হয়েছে। নিখুঁত এবং সর্বজনীন ভোটার তালিকা তৈরির উদ্দেশ্যেই ফর্ম বিলির এই বিশাল কর্মযজ্ঞ পরিচালিত হচ্ছে। এ প্রসঙ্গে উল্লেখ্য, পশ্চিমবঙ্গে ফর্ম বিতরণের শতকরা হার দেশের শীর্ষ স্তরে রয়েছে, যা রাজ্যটিকে নির্বাচন প্রস্তুতির দিক থেকে এগিয়ে রাখছে।

## অনলাইন প্রতারণা চক্র ফাঁস

অনলাইন প্রতারণা চক্রের পর্দা ফাঁস করল বিধাননগর পুলিশ। কেরালা থেকে গ্রেপ্তার করা হল এই চক্রের একজনকে। বিধাননগর পূর্ব থানা সূত্রে খবর, সল্টলেকের বাসিন্দা দীপ্তি জৈন প্রতারণার একটি অভিযোগ দায়ের করে। অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করে বিধাননগর পুলিশ। লিখিত অভিযোগ অনুযায়ী, হোয়াটসঅ্যাপ এবং টেলিগ্রামের মাধ্যমে প্রতারণা করা হয়। রেস্তোরাঁ সংক্রান্ত বিষয় নিয়েই তাকে প্রতারিত করা হয়েছিল বলে অভিযোগ। প্রতারকরা প্রথমে তাকে বিশ্বাস অর্জনের জন্য ২,৮৯৭ টাকা দিয়েছিল এবং পরে তাকে মোট ৬,৬৮,৯০০ টাকা স্থানান্তর করতে প্ররোচিত করে। আর তাতেই প্রতারিত হন দীপ্তি জৈন। এরপর তদন্তকারী দল কেরালায় অভিযান চালিয়ে অভিযুক্ত কোল্লারন মুহাম্মদ সিনু ফালিলকে গ্রেপ্তার করে। বিধাননগর থানা সূত্রে খবর, ধৃত কোল্লারন মুহাম্মদ সিনু ফালিলকে ট্রানজিট রিমান্ডে এখানে আনা হবে। পুরো ঘটনার বিস্তারিত তদন্ত চলছে। সমগ্র ঘটনাও খতিয়ে দেখছে পুলিশ।

## ‘পোষণ ট্র্যাকার’ অ্যাপ

রাজ্যের শিশু ও মায়েদের পুষ্টি প্রদানের কাজ আরও সুরক্ষিত ও আধুনিক করতে সরকার নতুন পদক্ষেপ নিচ্ছে। ‘পোষণ ট্র্যাকার’ অ্যাপের নিরবচ্ছিন্ন কার্যকারিতা, রিয়েল টাইম রিপোর্টিং এবং উপভোক্তাদের তথ্যের সুরক্ষা নিশ্চিত করতে পশ্চিমবঙ্গ সরকার রাজ্যজুড়ে প্রায় ১.০৫ লক্ষ অঙ্গনওয়াড়ি কর্মীর ব্যবহৃত স্মার্টফোনগুলিকে কেন্দ্রীয় মোবাইল ম্যানেজমেন্ট সিস্টেমের আওতায় আনা হচ্ছে। রাজ্যের নারী ও শিশু উন্নয়ন এবং সমাজকল্যাণ দপ্তরের উদ্যোগে শুরু হওয়া এই প্রকল্পের মূল লক্ষ্য, অ্যাপ-ভিত্তিক পরিষেবায় তথ্য ফাঁস রোধ, কাজের গতি বাড়ানো এবং কার্যকারিতা উন্নত করা। অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিতে প্রতিদিন নারী ও শিশুর পুষ্টি ও স্বাস্থ্য সংক্রান্ত তথ্য রেকর্ড করতে যে মোবাইল ফোনগুলি ব্যবহৃত হয়, সেগুলিকেই এবার এই ‘মোবাইল ডিভাইস ম্যানেজমেন্ট (এমডিএম)’ প্ল্যাটফর্মে সংযুক্ত করা হবে। দপ্তর সূত্রে জানা গিয়েছে, এই ক্লাউড-ভিত্তিক ব্যবস্থাপনার মাধ্যমে প্রশাসন সরাসরি সফটওয়্যারে আপডেট পাঠাতে পারবে, অনুমোদিত অ্যাপ বন্ধ করতে পারবে, ফোন হারিয়ে গেলে দূর থেকে তথ্য মুছে ফেলতেও পারবে। ফলে তথ্য সুরক্ষার পাশাপাশি কাজের ধারাবাহিকতাও বজায় থাকবে।

### আধার নিষ্ক্রিয়তা ঘিরে বিতর্ক

# ভোটার তালিকা থেকে ৩৪ লক্ষ নাম বাদ নিয়ে তৃণমূলের প্রশ্ন



**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** রাজ্যে ভোটার তালিকা পরিশোধনের প্রক্রিয়াকে ঘিরে ফের তীব্র রাজনৈতিক তরজা। তৃণমূল কংগ্রেসের দাবি, আধার কর্তৃপক্ষে র নামে বিস্ফোরক তথ্য তুলে ধরে নির্বাচন কমিশন রাজ্যের ভোটার তালিকা থেকে লক্ষ লক্ষ মানুষের নাম বাদ দেওয়ার ষড়যন্ত্র করছে। অপরদিকে, মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজকুমার আগরওয়ালের কার্যালয় স্পষ্ট জানিয়েছে; আধার এবং অন্যান্য সংস্থার তথ্য অনুযায়ী প্রায় ৪৬ লক্ষ মৃত ভোটারের নাম চিহ্নিত হয়েছে, যার মধ্যে প্রায় ৩৪ লক্ষের আধার নম্বর নিষ্ক্রিয় করা হয়েছে।

তৃণমূলের তরফে প্রশ্ন, আধার কর্তৃপক্ষ সংসদে নিজেই জানিয়েছে যে তারা রাজ্যভিত্তিক বা কারণভিত্তিক আধার নিষ্ক্রিয়করণের কোনও তথ্য সংরক্ষণ করে না। তাহলে কীভাবে এত বিশাল তথ্যভাণ্ডার তৈরি করে কমিশনকে দেওয়া হল? দলটির বক্তব্য, এটা শুধুই প্রশাসনিক গাফিলতি নয়, সংবিধান লঙ্ঘন ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত পদক্ষেপ। তৃণমূলের আশঙ্কা, এই তথাকথিত নিষ্ক্রিয় আধার নম্বরের অজুহাতে প্রকৃত ভোটারদের নাম বাদ দেওয়া হচ্ছে; যা শেষ পর্যন্ত গণতান্ত্রিক অধিকার খর্ব করবে।

বিহারের উদাহরণ টেনে দলীয় মুখপাত্ররা বলেন, সেখানে হাজার হাজার জীবিত মানুষকে ‘মৃত ভোটার’ হিসেবে দেখানো হয়েছিল। বাংলাতেও একইভাবে পরিকল্পনা মাফিক ভোটার বাদ দেওয়ার চেষ্টা চলছে। তৃণমূল স্পষ্ট হুঁশিয়ারি দিয়েছে; যদি একজন বৈধ ভোটারের নামও এই অস্বচ্ছ প্রক্রিয়ায় মুছে যায়, আমরা তা রাজনৈতিক ষড়যন্ত্র হিসেবে দেখব এবং আইনি পদক্ষেপ ও গণআন্দোলনে নামব। অন্যদিকে, নির্বাচন কমিশনের ব্যাখ্যা, রেজিস্ট্রেশন অফ ইলেক্টরস রুলস, ১৯৬০ অনুযায়ী জাতীয় কমিশন আধার-সহ সংশ্লিষ্ট সংস্থাগুলিকে জীবিত বা মৃত নাগরিকদের তথ্য শেয়ার করার নির্দেশ দেয়। সেই অনুসারেই আধার কর্তৃপক্ষ জানিয়েছে, রাজ্যের প্রায় ৩৪ লক্ষ মৃত ব্যক্তির আধার নম্বর নিষ্ক্রিয় হয়েছে। বাকি তথ্য এসেছে ব্যাংক ও অন্যান্য সরকারি উৎস থেকে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও একই পরিসংখ্যান তুলে ধরে বুধবার দাবি করেন, কমিশন সঠিক পথে কাজ করছে, মৃত ভোটারদের নাম বাদ পড়াই উচিত। তবে এই পরিসংখ্যান ঘিরে রাজ্যে এখন চরম রাজনৈতিক উত্তাপ। প্রশ্ন উঠেছে; স্বচ্ছ যাচাই প্রক্রিয়া ছাড়া এমন সিদ্ধান্ত কতটা গ্রহণযোগ্য এবং তা গণতন্ত্রের ভিত্তিকে নাড়িয়ে দেবে কি না, সেই উত্তর সময়ই দেবে।

## পুরনিয়োগ দুর্নীতিতে সুজিত বসুর স্ত্রী, ছেলে ও মেয়েকে নোটিস ইডির



**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** পুজো মিটতেই গত মাসে পুরনিয়োগ দুর্নীতি মামলায় কোমর বেঁধে ময়দানে নামে ইডি। একসঙ্গে ১৩ জায়গায় তল্লাশি চলে। দমকলমন্ত্রী সুজিত বসুর সল্টলেকের অফিস ও ভিআইপি রোডের উপরে অবস্থিত রেস্তোরাঁয় অভিযান চালায় কেন্দ্রীয় তদন্তকারী দল ইডি। অভিযান চালানো হয়েছিল রাজ্যের দমকলমন্ত্রী সুজিত বসুর অফিসেও। এবার এই পুরনিয়োগ দুর্নীতিতে সুজিত বসুর স্ত্রী, ছেলে, মেয়েকে নোটিস পাঠাল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। ইডি সূত্রের খবর, আগামী সপ্তাহেই তলব করা হয়েছে তাঁদের।

ইডি সূত্রে জানা গিয়েছে, পুর নিয়োগ দুর্নীতি মামলায় ইতিমধ্যেই একাধিক দফায় তল্লাশি চালানো হয়েছে। এই মামলায় অভিযুক্ত অয়ন শীল-সহ বেশ কয়েকজনকে আগেই গ্রেপ্তার করেছে ইডি। তদন্তের সূত্র ধরেই গত বছর অক্টোবরে লেকটাউনে মন্ত্রী সুজিত বসুর দুটি বাড়ি এবং তাঁর দপ্তরে হানা দেয় ইডি আধিকারিকরা। তখন মন্ত্রীর ছেলে সমুদ্র বসুর ধাবাতেও তল্লাশি চালানো হয়। ওই অভিযানে বেশ কিছু গুরুত্বপূর্ণ নথি উদ্ধার হয়েছিল বলেও জানা গিয়েছে।

স্কুলে নিয়োগ দুর্নীতি মামলার তদন্ত করতে গিয়ে ব্যবসায়ী অয়ন শীলকে প্রথম গ্রেপ্তার করেছিল সিবিআই। পরে তাঁর সল্টলেকের অফিসে তল্লাশি চালাতে গিয়ে উদ্ধার করা হয় বেশ কিছু উত্তরপত্র বা ওএমআর শিট। সেখান থেকেই পুরসভার নিয়োগেও দুর্নীতির হদিস পান তদন্তকারীরা। অয়নের সংস্থা পুর নিয়োগের ক্ষেত্রে ওএমআরের দায়িত্বে ছিল। তদন্তে নেমে একে একে আরও অনেককে গ্রেপ্তার করেন তদন্তকারীরা। পরে এই মামলায় অবৈধ ভাবে আর্থিক লেনদেনের বিষয়টি খতিয়ে দেখে তদন্তে নামে ইডিও।

## মৃত্যুর পরেও ভোটার তালিকায় নাম রয়েছে নৈহাটির বিধায়কের বাবার: অর্জুন সিং



**নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর:** মৃত্যুর পরেও ভোটার তালিকায় নাম জ্বলজ্বল করছে নৈহাটির তৃণমূল বিধায়ক সনৎ দে-র বাবার নাম। এমনটাই অভিযোগ প্রাক্তন সাংসদ তথা বিজেপি নেতা অর্জুন সিংয়ের। এপ্রসঙ্গে প্রাক্তন সাংসদ অর্জুন সিং জানান, দশ বছর আগে যিনি মারা গিয়েছেন। তিনি প্রতি নির্বাচনে এখনও ভোট দিচ্ছেন। যিনি আবার একজন বিধায়কের বাবা। আবার একজন কাউন্সিলরের শ্বশুর। তিনি বলেন, মৃত ভোটার নৈহাটির বিধায়ক সনৎ দে-র পিতা স্বপন কুমার দে। এভাবেই ভোটার তালিকায় মৃতদের নাম ঢুকিয়ে দেওয়া তৃণমূলের কারসাজি। প্রাক্তন সাংসদের অভিযোগ, ২০২৪-২৫ সালের ভোটার তালিকায় নাম আছে বিধায়কের বাবার। অথচ বিধায়ক চলতি বছরের গত ১৫ জানুয়ারি সামাজিক মাধ্যমে পোস্ট করেছেন, ‘এক দশক হয়ে গেছে বাবা তুমি আমাদের ছেড়ে চলে গিয়েছ’। তাহলে মৃত, ভুয়ো, অনুপ্রবেশকারী কিংবা রোহিঙ্গাদের ভরসায় তৃণমূল কংগ্রেস কি বাংলায় ক্ষমতায় টিকে থাকতে চাইছে, এমনই প্রশ্ন বিজেপি নেতা অর্জুন সিংয়ের। যদিও এই বিষয়ে তিনি নির্বাচন কমিশনের দৃষ্টি আকর্ষণ করেছেন। যদিও অভিযোগ অস্বীকার করে নৈহাটির বিধায়ক সনৎ দে-র দাবি, ভোটার তালিকায় তাঁর বাবার নাম নেই।

## সিঁথি এলাকায় সোনা লুঠ: ধৃত ওয়ার্কশপের প্রাক্তন কর্মী

**নিজস্ব প্রতিবেদন, দমদম:** বন্দুক দেখিয়ে সিঁথি এলাকা থেকে ৩ কোটি টাকার সোনা লুঠের ঘটনায় কলকাতা পুলিশের বড় সাফল্য। ভিন রাজ্যে পালিয়ে যাওয়ার আগেই পুলিশের জালে ধরা পড়ে ওই সংস্থারই এক প্রাক্তন কর্মী। ধৃত ব্যক্তির নাম সইদুল মণ্ডল। বুধবার রাতে হুগলির খানাকুল থেকে গ্রেপ্তার করেন লালবাজারের গোয়েন্দা বিভাগের ডাকাতি দমন শাখার আধিকারিকরা। তবে বড়সড় এই ডাকাতির ঘটনায় সইদুল একা নয়, আরও বেশ কয়েকজন জড়িত আছে বলে মনে করছেন গোয়েন্দা আধিকারিকরা। আর তাই বাকিদের খোঁজ পেতে ধৃতকে দফায় দফায় জেরা করা হচ্ছে। পাশাপাশি পুলিশের তরফ থেকে এও জানানো হয়েছে, একেবারে গ্যাং বানিয়ে পরিকল্পনা করে এই ডাকাতির ঘটনা সংগঠিত করেন সইদুল। শুধু তাই নয়, ঘটনার পরেই ভিনরাজ্যে তাঁর পালিয়ে যাওয়ার ছক ছিল বলেও জানতে পেরেছেন পুলিশ আধিকারিকরা।

## পর্দা নামল কলকাতা আন্তর্জাতিক ফিল্ম ফেস্টিভ্যালের, লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড গৌতম ঘোষকে

**শুভাশিস বিশ্বাস**

পর্দা নামল ৩১ তম কলকাতা আন্তর্জাতিক ফিল্ম ফেস্টিভ্যালের। ফেস্টিভ্যাল নয়, কলকাতা জুড়ে গত কয়েকদিন ধরে যেন চলেছে এক রাজসূয় যজ্ঞ। বৃহস্পতিবার ৩১ তম কলকাতা আন্তর্জাতিক ফিল্ম ফেস্টিভ্যালের সমাপ্তির মঞ্চে এদিন যেন সম্মান, আবেগ মিলেমিশে একাকার। পাঁচ দশকের অমূল্য সৃজনযাত্রায় গৌতম ঘোষ সম্মানিত হলেন সর্বোচ্চ সম্মানে, লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড। চিত্রনাট্যকার, পরিচালক, চিত্রগ্রাহক, সঙ্গীতকার; এককথায় সিনেমার প্রতিটি কোণায় তাঁর ছোঁয়া। আর এই অধ্যবসায়ের, শিল্পের, ও ভাস্লত্রবাসার পরিণত প্রাপ্তিই এই সম্মাননা।

গৌতম ঘোষ যেন এক মানুষে এক চলচ্চিত্র প্রতিষ্ঠান। ‘দেখা’, ‘অন্তর্জলি যাত্রা’, ‘পদ্মা নদীর মাঝি’, ‘আবার অরণ্যে’, ‘মনন’, ‘পদাতিক’, এমন সব চলচ্চিত্রে তিনি শুধু গল্প বলেননি, সৃষ্টি করেছেন এক এক টুকরো সময়ের সঙ্গে এক এক টুকরো জীবনও। আর এই সব সিনেমা-ই তাঁকে পৌঁছে দিয়েছে আন্তর্জাতিক দরবারের এক ভিন্ন উচ্চতায়। কান, ভেনিস, টোকিও, বার্লিনের রঙিন পর্দায় তাঁর ক্যামেরার চোখে ধরা মানুষ ও মাটির গল্প।

বৃহস্পতিবার গৌতম ঘোষের হাতে এই পুরস্কার তুলে দেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পুরস্কার হাতে মঞ্চে উঠে এদিন এই মানুষটার গলায় ধরা পড়ল এক আবেগ। সময় যেন থমকে দাঁড়ায়। আর এই সম্মান তিনি উৎসর্গ করলেন তাঁর প্রয়াত স্ত্রী নীলাঞ্জনা ঘোষকে। প্রয়াত স্ত্রীকে শ্রদ্ধা জানিয়ে বললেন, ‘ও না থাকলে এই পথচলা সম্ভব হত না।’

এর পাশাপাশি অন্যদিকে ‘বেঙ্গলি প্যানোরমা’ বিভাগে সেরা ছবি হিসেবে পুরস্কৃত হল ‘পড়শি’। এছাড়াও দেশের বিভিন্ন আঞ্চলিক ভাষার সিনেমা থেকে বিদেশি ভাষার ছবিও পুরস্কৃত হল কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের সমাপ্তি অনুষ্ঠানে।



এদিনের সমাপ্তি অনুষ্ঠানে বিজয়লদী বর্মনের তথ্যচিত্র বিজয়ী যাপনের পটকথা (দ্য সাগা অফ গ্লোরিয়াস লাইফ) পেল গোল্ডেন রয়্যাল বেঙ্গল টাইগার শিরোপা। শর্ট ফিল্ম ‘নাইংমা- থ্রু হার আইস’ পেল গোল্ডেন রয়্যাল বেঙ্গল টাইগার শিরোপা। এর পাশাপাশি বেঙ্গলি প্যানোরমায় গোল্ডেন রয়্যাল বেঙ্গল টাইগার শিরোপা পেল ‘পড়শি’।

সেরা পরিচালক হিসেবে বিবেচিত হলেন শ্রীলঙ্কার ললিত রথনায়েক (রিভারস্টোন)। গোল্ডেন রয়্যাল বেঙ্গল টাইগার সেরা আন্তর্জাতিক ফিল্মের শিরোপা পেল কিউবার ‘টু দ্য ওয়েস্ট ইন জাপটা’। সেরা পরিচালক হীরালাল সেন পুরস্কারে ভূষিত হলেন কাংবো আলোতি। এর পাশাপাশি সেরা ফিল্ম ‘ছোরা যাস্তাই’ (শেপ অফ মোমো)-র জন্য হীরালাল সেন পুরস্কারে ভূষিত হলেন প্রদীপ কুরবাহ। নেটাপ্যাকের সেরা ছবি ‘ভিক্টোরিয়া’।

এছাড়াও স্পেশ্যাল জুরি মেনশন ভারতীয় তথ্যচিত্রে শিরোপা জিলিপিবালার বন্ধুরা, মাই লাস্ট ফেস কুংবারা আর স্পেশাল জুরি মেনশন- (ইনোভেশন ইন মুভিং ইমেজেস) বিউটিফুল ইভিনিং, বিউটিফুল ডে।


সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
सेन्ट्रल बैंक ऑफ़ इंडिया
Central Bank of India

রিজিওনাল অফিস : বাঁকুড়া
মাচানতলা, বাঁকুড়া ফ্যান্সি মার্কেটের নিকট,
পশ্চিমবঙ্গ, পিন - ৭২২ ১০১
ইমেল : recvbankro@centralbank.bank.in

স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য বিক্রয় নোটিশ

পরিশিষ্ট - IV-A [ দ্রষ্টব্য রুল ৮(৬) ]

**২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইন এবং তৎসহ পঠিত ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮(৬) সংস্থান অধীনে স্থাবর সম্পদ বিক্রয় নিমিত্ত ই-নিলাম বিক্রয় নোটিশ।**

এতদ্বারা সাধারণের প্রতি সাধারণভাবে এবং ঋণগ্রহীতা এবং জামিনদাতাগণের প্রতি বিশেষভাবে বিজ্ঞাপিত হচ্ছে জামিন অধীনে ঋণদাতার নিকট বন্ধক/দায়বদ্ধ নিম্নোক্ত স্থাবর সম্পত্তি সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (জামিন অধীনে ঋণদাতা) এর অনুমোদিত অফিসার কর্তৃক স্বত্ব দখলীকৃত, প্রতীকী দখলীকৃত (সম্পত্তির নির্দিষ্টভাবে চিহ্নিতকরণ চিহ্ন) এবং **‘যেখানে যেমন আছে’, ‘যেখানে যে অবস্থায় আছে’ এবং ‘যেখানে যা আছে’ ভিত্তিতে** নিম্নে বর্ণিত ঋণগ্রহীতাগণ এবং জামিনদাতাগণের কাছ থেকে বকেয়া আদায়ের জন্য বিক্রি করা হবে। অনুমোদিত অফিসারের প্রাপ্ত তথ্য এবং জ্ঞানমতে সম্পত্তির কোনও দখলদারি নেই, যাইহোক ইচ্ছুক দরদাতা তাদের নিজ স্বার্থে ব্যক্তিগতভাবে খোঁজ নিতে পারেন সংশ্লিষ্ট দখলদারি, নিলাম প্রক্রিয়াধীন সম্পত্তি/সমূহের স্বত্ব এবং দাবি/অধিকার/বকেয়া সম্পর্কে ডাক দাখিলের পূর্বে।
সংশ্লিষ্ট সম্পত্তির সংরক্ষিত মূল্য এবং বায়না জমা (ইএমডি) নিম্নে বর্ণিত মতে।

| ক্রম নং | অ্যাকাউন্ট/ঋণগ্রহীতা এবং জামিনদাতার নাম | সম্পত্তির বিস্তারিত (ফ্ল্যাট/ দোকান/জমি/বিল্ডিং ইত্যাদি) (সম্পত্তির আইডি) | ক) দাবি নোটিশের তারিখ খ) বকেয়া পরিমাণ গ) দখলের তারিখ | সংরক্ষিত মূল্য ইএমডি ডাক বর্ধিতকরণ পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | মেসার্স অশোক কুমার চন্দ্র<br>জামিনদাতাগণ :<br>১. অসিত কুমার চন্দ্র, ২. শ্রীমতি ছায়া চন্দ্র,<br>৩. শ্রী অরিন্দম চন্দ্র, ৪. অনিরুদ্ধ চন্দ্র,<br>৫. অনিমা চন্দ্র।<br>বি/ও পুরুলিয়া। | বাণিজ্যিক দোকান জি-২ তলা ভবন অবস্থিত এন সি দাস গুপ্ত রোড, মৌজা : পুরুলিয়া, আরএস প্লট নং ১০৭৮৯, আরএস খতিয়ান নং ১৯৫১, জেএল নং ০২, হোল্ডিং নং ৫৫৫, ওয়ার্ড নং ০৩, পো : পুরুলিয়া, থানা : পুরুলিয়া, জেলা : পুরুলিয়া, পশ্চিমবঙ্গ, পুরুলিয়া পুরসভা অধীন, পিন -৭২৩১০১।<br>সম্পত্তি আইডি : CBINBANK0116CHANDRA | ক) ২৪.১১.২০২২<br>খ) ৯৮.৪৬ লাখ টাকা<br>গ) ১৭.০৩.২০২৩<br>(স্বত্ব দখলীকৃত) | আরপি :<br>৫৫,০০,০০০.০০ টাকা<br>ইএমডি :<br>৫,৫০,০০০.০০ টাকা<br>বিআইএ :<br>২০,০০০.০০ টাকা |

| ই-নিলাম | পর্যবেক্ষণের তারিখ এবং সময় | ইএমডি শুরুর তারিখ এবং সময় নিলাম পরিমাণ জমার জন্য | ইএমডি জমার শেষ তারিখ এবং সময় | ই-নিলামের তারিখ এবং সময় |
|---|---|---|---|---|
| সমস্ত সম্পত্তির জন্য | ২৫ নভেম্বর ২০২৫<br>দুপুর ১২টা থেকে বিকেল ৪টে পর্যন্ত | ১৩ নভেম্বর ২০২৫,<br>সকাল ১০টা | ২৯ নভেম্বর, ২০২৫, বিকেল ৪টে | ২৯ নভেম্বর ২০২৫, সকাল ১০টা থেকে সন্ধে ৬টা |

**২০০২ সালের সারফেসি আইনের রুল ৮(৬) অধীনে ১৫ দিনের বিধিবদ্ধ বিক্রয় নোটিশ**

ব্যাঙ্কের অনুমোদিত পরিষেবা প্রদায়ক সংস্থার মাধ্যমে নিলাম পরিচালিত হবে : ই-নিলাম সংস্থার ওয়েবসাইট : **https://baanknet.com/ ই-নিলাম এজেন্সির সহিত যোগাযোগের বিস্তারিত : পিএসবি অ্যালায়েন্স ই-বিক্রয়, হেল্পডেস্ক নং : +৯১ ৮২৯১২ ২০২২০, ইমেল : support.baanknet@psballiance.com**
ডাকদাতার নথিভুক্তি এবং ইএমডি প্রদান/ ফেরত সংক্রান্ত কোনও জিজ্ঞাসার ক্ষেত্রে : ই-মেল : **support.baanknet@psballiance.com**। অনুগ্রহ করে কাজের দিন কাজের সময়ে হেলপডেস্ক অফিসারদের সঙ্গে যোগাযোগ করুন।
ডাকদাতাদের পরামর্শ দেওয়া হচ্ছে নিম্নোক্ত শর্তপূরণ যথেষ্ট পূর্বেই সম্পাদন করতে।
**পদক্ষেপ ১ : ডাকদাতা/ক্রেতার নথিভুক্তি :** ডাকদাতাকে ই-নিলাম প্ল্যাটফর্মে নথিভুক্তি করতে হবে **https://baanknet.com/** নিজের মোবাইল নং এবং ইমেল-আইডি ব্যবহার করে।
**পদক্ষেপ ২ : কেওয়াইসি যাচাই :** ই-কেওয়াইসি এর ক্ষেত্রে নথিগুলি সিস্টেম দ্বারা যাচাই হবে।
অনুগ্রহ করে অবগত হোন পদক্ষেপ ১ এবং ২ ডাকদাতাকে যথেষ্ট পূর্বেই সম্পাদন করতে হবে।
**পদক্ষেপ ৩ : ইএমডি পরিমাণ :** আগ্রহী ডাকদাতা/ক্রেতাকে অনলাইন মোডের মাধ্যমে ইএমডি দাখিল করতে হবে (এনইএফটি/ট্রান্সফার/ইউপিআই/নেট ব্যাঙ্কিং) গ্লোবাল ইএমডি ওয়ালেট থেকে যথেষ্ট পূর্বে/নিলাম চলাকালীন সময়ে। কোনও কারণে গ্লোবাল ইএমডি ওয়ালেটে ইএমডি পরিমাণ না পাওয়া গেলে, সিস্টেম ডাক দিতে দেবে না। নথিভুক্তি, কেওয়াইসি নথি যাচাই এবং ওয়ালেটে ইএমডি স্থানান্তর যথেষ্ট পূর্বে সম্পাদিত হতে হবে, নিলামের সময়ের পূর্বে। ডাকদাতারা একটি বা সকল সম্পত্তির জন্য ডাক দিতে পারেন। ওয়ালেটে যথেষ্ট পরিমাণ ইএমডি থাকলে তবেই ডাকদাতারা নিলামের দিন ডাক দিতে পারবেন। ডাকদাতার গ্লোবাল ওয়ালেটে যথেষ্ট অর্থ থাকতে হবে (>=ইএমডি পরিমাণ) ডাকের সময়ে। একাধিক সম্পত্তির জন্য ডাক দিতে চাইলে প্রতিটি সম্পত্তির জন্যই ইএমডি দাখিল করতে হবে। ব্যাঙ্কিং প্রক্রিয়ায় জন্য কিছু সময় লাগতে পারে, ফলে ডাকদাতাদের নিজের স্বার্থে শেষ মুহূর্তের সমস্যা এড়াতে যথেষ্ট পূর্বে প্রাক-ডাক ইএমডি পরিমাণ দাখিল করতে পরামর্শ দেওয়া হচ্ছে।
নিলাম প্রক্রিয়াকালে ডাক/ ইএমডি দাখিলের ক্ষেত্রে অনুগ্রহ করে **https://baanknet.com/** থেকে প্রাপ্ত নির্দেশাবলি অনুসরণ করুন।
**পদক্ষেপ ৪ :** ডাকের প্রক্রিয়া এবং নিলামের ফলাফল : আগ্রহী নিবন্ধিত ডাকদাতারা পদক্ষেপ ১, ২ এবং ৩ সম্পূর্ণ করার পর ই-নিলাম প্ল্যাটফর্মে অনলাইনে ডাক দিতে পারবেন।
কোনও কারণে কোনও সম্পত্তির ক্ষেত্রে কেবল একজনই ডাকাদাতা থাকেন তবে তিনি ই-নিলামে অংশ নেবেন এবং সারণিতে উল্লিখিত সংশ্লিষ্ট সম্পত্তির জন্য বর্ধিত পরিমাণের সমতুল পরিমাণ ডাক পরিমাণ দেবেন অন্যথায় ব্যর্থ হলে তিনি সফল ডাকদাতা হিসেবে ঘোষিত হবেন না।
অনুগ্রহ করে **https://baanknet.com/** প্রাপ্ত নির্দেশাবলি অনুসরণ করতে হবে ইএমডি দাখিল /নিলামের সময়ে ডাক দিতে।
বিক্রয়ের নিয়ম এবং শর্তাদির বিস্তারিত জানতে অনুগ্রহ করে আমাদের ব্যাঙ্কের ওয়েবসাইট **www.centralbankofindia.co.in** লিঙ্ক উল্লেখ করুন।

তারিখ : ১৩.১১.২০২৫
স্থান : বাঁকুড়া

যোগাযোগ নং - ৯৮০১৭ ১৫৬৫০/ ৭৯০৩০ ৮৩৩৩৫

অনুমোদিত অফিসার
সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া



बैंक ऑफ़ इंडिया BOI
Bank of India
Relationship beyond banking

বর্ধমান জোনাল অফিস
৪৪৬/এন, আর্মস্ট্রং এভিনিউ, বিধান নগর, সেক্টর -২এ, দুর্গাপুর,
জেলা - বর্ধমান, পিন - ৭১৩২১২, ফোন নং - ৭৪৭৯০০৭৩৫৬

ই-নিলাম বিক্রয় নোটিশ
(স্থাবর সম্পত্তির জন্য)

**পরিশিষ্ট IV-A [ দ্রষ্টব্য রুল ৮(৬)]**
**স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি**

২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন, ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮(৬) সংস্থান অধীনে স্থাবর সম্পত্তি বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্বারা সাধারণের প্রতি সাধারণভাবে এবং ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদাতা(গণ)এর প্রতি বিশেষভাবে অবগত করা হচ্ছে জামিন অধীনে ঋণদাতার নিকট নিম্নোক্ত বন্ধকদত্ত/দায়বদ্ধ স্থাবর সম্পত্তি ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, পুরুলিয়া শাখা জামিন অধীনে ঋণদাতার অনুমোদিত অফিসার কর্তৃক কার্যকরী দখলীকৃত **“যেখানে যে অবস্থায় আছে”, “যেখানে যা আছে” এবং “যেখানে যেমন আছে”** ভিত্তিতে বিক্রি করা হবে **১৯.১২.২০২৫ তারিখ** ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, কর্তৃক নিম্নে উল্লিখিত ঋণগ্রহীতাগণ এবং জামিনদাতাগণের কাছ থেকে বকেয়া আদায়ের জন্য।
সংরক্ষিত মূল্য এবং বায়না জমা নিম্নে উল্লিখিত।

| ক্রম নং | ঋণগ্রহীতাগণ/জামিনদাতাগণের নাম ও ঠিকানা, শাখার নাম সহ | সম্পত্তির বিস্তারিত | ক. নির্ধারিত ঋণ/বকেয়া পরিমাণ (টাকা) খ. দাবি নোটিশের তারিখ গ. দখলের তারিখ | ১. সংরক্ষিত মূল্য ২. বায়না জমা (ইএমডি) ৩. ডাক বাড়ানোর পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | জামুড়িয়া শাখা<br>অ্যাকাউন্ট নাম : **পরমেশ্বর মারান্ডি,**<br>**ঋণগ্রহীতার নাম :**<br>**শ্রী পরমেশ্বর মারান্ডি এবং শ্রীমতি সীতামুনি হাঁসদা,**<br>**বসবাসের ঠিকানা :** চিত্তরঞ্জন, পশ্চিম বর্ধমান | সম্পত্তি থানা : সালানপুর, মৌজা : মনোহরা, জেএল নং ৫৩, এলআর খতিয়ান নং ৬৫১, আরএস এলআর প্লট নং ১৫/৯৩৬, ১৬, ১৬/৯৩৭, কাল্যা গ্রাম পঞ্চায়েত অধীন, জেলা : পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ। **সম্পত্তি পরমেশ্বর মারান্ডি এর নামে।**<br>**সম্পত্তির চৌহদ্দি :** পূর্বে : ১০ ফুট চওড়া সড়ক, পশ্চিমে : ১৬ ফুট চওড়া সড়ক, উত্তরে : অংশ প্লট নং ১৬ এবং ৫/৯৩৫, দক্ষিণে : চয়নপুরা মৌজা। | ক. ৩৭.৩২ লাখ টাকা ইউসিআই এবং অন্যান্য চার্জ সহ<br>খ. ০৭.০৫.২০২৫<br>গ. ০৪.০৮.২০২৫ | ১. ২১,৬৩,০০০.০০ টাকা<br>২. ২,১৬,৩০০.০০ টাকা<br>৩. ১০,০০০.০০ টাকা |

**নিয়ম ও শর্তাবলী :**

(১) নিলাম বিক্রয়/ডাক কেবল “অনলাইন ইলেকট্রনিক বিডিং” প্রক্রিয়ার মধ্য দিয়ে ওয়েবসাইট **https://BAANKNET.com** -এর মাধ্যমে হবে।
(২) **সমস্ত সম্পত্তির ক্ষেত্রে নিলামের তারিখ ও সময় ১৯.১২.২০২৫ সকাল ১০.০০টা থেকে বিকেল ০৫.০০টা পর্যন্ত,** যার অসীমিত সম্প্রসারণ হবে প্রতি ৫ মিনিটের, অর্থাৎ প্রথম পর্বে নিলাম প্রক্রিয়া চলবে ১৮০ মিনিট এবং যদি শেষ ৫ মিনিটে একটি বৈধ ডাক পাওয়া যায়, নিলাম আরও ৫ মিনিটের জন্য প্রসারিত হবে। এই প্রক্রিয়া চলতেই থাকবে যতক্ষণ শেষ ৫ মিনিটে কোনও বৈধ ডাক না থাকে। উপরোক্তমতো সংরক্ষিত মূল্যে নিলাম শুরু হবে। আগ্রহী পার্টিরা সম্পত্তিগুলি **১৮.১২.২০২৫ বিকেল ৪টে পর্যন্ত** দেখতে পারেন।
**(৩) আগ্রহী ডাকদাতারা পোর্টাল https://BAANKNET.com -এ তাঁদের নাম রেজিস্ট্রি করতে পারেন ও ইউজার আইডি ও পাসওয়ার্ড পেতে পারেন। সম্ভাব্য ডাকদাতারা উপরের ইঅকশন দেখুন কীভাবে অকশনের জন্য রেজিস্টার করবেন, অকশনের মোড এবং অন্যান্য প্রসেসের জন্য, এবং অন্যান্য প্রক্রিয়াগুলি উপরে উল্লিখিত লিংক অনুসারে হবে। সম্ভাব্য ডাকদাতারা যে কোনও জিজ্ঞাস্যর জন্য যোগাযোগ করতে পারেন ০৩৩-২২১০-৭৪৪৮ নম্বরে, অমিত কুমার সিং (+৯১৯০০৬০৮২০৪৫) অথবা পঙ্কজ সিং (+৯১ ৮০৫১৮ ০২৭৭৭) -এর সঙ্গে।**
(৪) উপরোক্ত সম্পত্তি/পরিসম্পৎ “যেখানে যে-অবস্থায় আছে ভিত্তিতে”, “যেখানে যাহাই আছে ভিত্তিতে” এবং “কোনও পরিবর্ত ভিত্তি ব্যতীত ভিত্তিতে” বিক্রি হবে। আগ্রহী বিডারদের নিজের মত অকশনে দেওয়া সম্পত্তি জড়িত কোন দায়, সম্পত্তির মালিকানা এবং দাবি/অধিকার/বকেয়া যা ওই সম্পত্তিকে বিশেষভাবে প্রভাব ফেলে সে সব সংশ্লিষ্ট ব্যাপারে নিজেদেরকে অনুসন্ধান করতে হবে এমনি বাস্তবিক দখল নেওয়ার সময়। অনুমোদিত আধিকারিক/সুরক্ষিত ক্রেডিটর কোনওভাবেই দায়ী হবেন না কোনও তৃতীয় পক্ষের দাবি/অধিকার/বকেয়া ক্ষেত্রে।
(৫) উপরোক্ত তফসিলে বর্ণিত হয়েছে প্রাপ্ত সেরা তথ্য এবং এই পাবলিক নোটিসে কোনও ভ্রান্তি, ভুল বিবরণ বা কিছু বাদ গেলে অনুমোদিত অফিসার/ব্যাঙ্ক অনুমোদিত অফিসার এবং/বা ব্যাঙ্ক জবাবদিহির যোগ্য হবেন না।
(৬) উপরোক্ত সম্পত্তিগুলি উপরে বর্ণিত সংরক্ষিত মূল্যের নীচে বিক্রি হবে না। আগ্রহী ডাকদাতাদের উপরে বর্ণিত বায়নার টাকা (ইএমডি) **মেসার্স পিএসবি অ্যালায়েন্স প্রা. লি.** দ্বারা **BAANKNET** পোর্টালের উপর প্রোভাইড ওয়ালেটে জমা দিতে হবে। ওয়ালেটে ইএমডি জমা করার প্রক্রিয়ার বিশদ বিবরণ উপরে উল্লেখিত লিঙ্কে পাওয়া যাবে।
(৭) আগ্রহী ডাকদাতাদের উক্ত পোর্টালে রেজিস্টার করতে হবে অকশনের আগেই এবং বিবরণ দাখিল করতে হবে **১৯.১২.২০২৫** তারিখে বা তার পূর্বে।
(৮) সর্বোচ্চ/সফল দরদাতাকে বিক্রয় মূল্যের ২৫ শতাংশ জমা দিতে হবে যার মধ্যে ইতিমধ্যেই পরিশোধ করা ইএমডি বিক্রয়ের ক্ষেত্রে অনুমোদিত অফিসার কর্তৃক দর মূল্য গ্রহণের পরের দিনের মধ্যে জমা দিতে হবে, এতে ব্যর্থ হলে ইএমডি বাজেয়াপ্ত করা হবে। সর্বোচ্চ দরদাতাকে এখানে উল্লিখিত সম্পত্তির সফল দরদাতা/ক্রেতা হিসাবে ঘোষণা করা হবে যদি তিনি সর্বদা বিড করার জন্য বৈধভাবে যোগ্য হন।
(৯) দর /ক্রয়ের অর্থের অবশিষ্ট ৭৫ শতাংশ বিক্রয়ের **১৫তম দিনে** বা তার আগে প্রদেয় হবে অনুমোদিত অফিসার কর্তৃক বিক্রয় নিশ্চিতকরণের (ব্যাংকিং চলাকালীন সময়ে) অথবা শুধুমাত্র বিবেচনার ভিত্তিতে লিখিতভাবে সম্মত হওয়া বর্ধিত সময়ের জন্য। সফল দরদাতা কর্তৃক অর্থপ্রদানে ব্যর্থতার ক্ষেত্রে দরদাতার ইতিমধ্যে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে এবং অনুমোদিত কর্মকর্তা/ব্যাঙ্ক নিলাম বাতিল করতে এবং নতুন নিলাম পরিচালনা করতে পারেন।
(১০) সম্পূর্ণ বিক্রয় বিবেচনা প্রাপ্তির পর, অনুমোদিত অফিসার দরদাতার নামে বিক্রয় শংসাপত্র জারি করবেন এবং তারপরে বিক্রয় সম্পূর্ণ বলে বিবেচিত হবে এবং ব্যাঙ্ক কোনও দাবি গ্রহণ করবে না।
(১১) অনুমোদিত অফিসার সর্বোচ্চ ডাক বা যে কোনও বা সমস্ত ডাক গ্রাহ্য করতে বাধ্য নন এবং কোনও কারণ না দেখিয়ে যেকোনও বা সমস্ত ডাক গ্রাহ্য বা অগ্রাহ্য করতে পারেন এবং নিজের নিরঙ্কুশ সিদ্ধান্তে বিক্রির যেকোনও শর্তে তারতম্য সংশোধন বা সরিয়ে দিতে পারেন।
(১২) সফল ডাকদাতা/ক্রেতা কনভেয়েন্স ডিড, কর, সার্ভিস ট্যাক্স/টিডিএস সহ (৫০ লক্ষ টাকা বা তদূর্ধ্ব মূল্যে সম্পত্তির জন্য ১৯৪ আইএ ধারা অনুযায়ী) যদি থাকে প্রদেয় চার্জ/ফি বহন করতে হবে।
(১৩) এই প্রকাশনাটি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট), বিধি ২০০২ -এর বিধি ৮(৬) এর অধীনে উপরোক্ত ঋণগ্রহীতাগণ/জামিনদাতাগণ/বন্ধকদাতাগণের জন্য তিরিশ (৩০) দিনের নোটিশ।

**তারিখ: ১৩.১১.২০২৫**
**স্থান: দুর্গাপুর**

**অনুমোদিত অফিসার,**
**ব্যাঙ্ক অফ ইন্ডিয়া**

## সম্পাদকীয়

# ডিজিটাল সোনা: বাড়ছে জনপ্রিয়তা, বাড়ছে বিপদ

গত তিন বছরে দামের ক্ষেত্রে একের পর এক রেকর্ড ভেঙেছে সোনা। ফলে অনেক খুচরো বিনিয়োগকারী নতুন করে সোনায় বিনিয়োগ করতে সমস্যায় পড়েছেন। আর এখন যা অবস্থা তাতে দোকান থেকে সোনার বার কেনার ক্ষমতা তো সাধারণ মানুষের নেই। আর সেখানেই আসছে ডিজিটাল গোল্ড। দেদার ডিজিটাল গোল্ডে বিনিয়োগ বাড়ছে। বাড়ছে এর জনপ্রিয়তা। ফলে বিপদও বাড়ছে ডিজিটাল গোল্ডে। এই ডিজিটাল গোল্ডে বিনিয়োগ কি নিরাপদ? এ সম্পর্কে অধিকাংশ মানুষের কোনও ধারণা নেই। তাঁরা বাজার চলতি ধারণা, বা কারও থেকে কিছুটা শুনে বিনিয়োগে নেমে পড়ছেন। ফলে আরও বাড়ছে বিপদ। এই আসন্ন বিপদ নিয়ে বিনিয়োগকারীদের আগেই সতর্ক করেছে সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া বা সেবি। ডিজিটাল গোল্ডে একাধিক ভাবে বিনিয়োগ করা যায়। সবচেয়ে ভালো ও নিরাপদ হল সোভেরেইন গোল্ড বন্ড। যা আসলে সরকারি বন্ড, ফলে ১০০ শতাংশ নিরাপদ। কিন্তু সমস্যা হল, ভারত সরকার আর গোল্ড বন্ড ইস্যু করছে না। ফলে, এই বন্ড কিনতে গেলে আপনাকে যেতে হবে সেকেন্ডারি মার্কেটে। সেখান থেকে বাজার দামে কিনতে হবে। এরপর আছে গোল্ড ইটিএফ। যা ইকুইটির মতো বাজার থেকে কেনাবেচা করা যায়। এরপর রয়েছে ডিজিটাল গোল্ড। একাধিক প্ল্যাটফর্ম এই ডিজিটাল গোল্ড বিক্রি করে। দেশের বাজারে এর জনপ্রিয়তা ক্রমশ বাড়ছে। টাটা গ্রুপের ক্যারেটলেন বা ফোন পে, গুগল পে ও পেটিএম-এর মতো প্ল্যাটফর্মে এখন দেদার ডিজিটাল সোনা বিক্রি হয়। এর মাধ্যমে মানুষ ফোন থেকেও সোনা কিনতে পারে। আর এখানেই লুকিয়ে রয়েছে বিপদ, যা নিয়ে মানুষকে সতর্ক করছে সেবি। সেবির বক্তব্য, বিভিন্ন প্ল্যাটফর্মের এই ডিজিটাল সোনা আসলে ইটিএফের মতো সিকিওরিটিজ বা কমোডিটি কোনওটাই নয়। ফলে, তারা সেবির আওতাধীন নয়। আবার বন্ডের মতোও কেন্দ্রীয় সরকারের সুরক্ষা বলয়ও নেই এসবে। এই কারণেই সাধারণ বিনিয়োগকারীদের সতর্ক করছে সেবি। কিন্তু বাস্তব তথ্য বলছে, তারপরও ডিজিটাল সোনায় বিনিয়োগে খুব একটা ভাঁটা পড়েনি। ফলে বিপদটা কিন্তু থেকেই যাচ্ছে।

## আজকের দিন

■ **১৯৪৮:** বর্তমান ব্রিটিশ রাজা রাজা তৃতীয় চার্লস, রানী দ্বিতীয় এলিজাবেথ এবং প্রিন্স ফিলিপের ঘরে জন্মগ্রহণ করেন।



■ **১৯৬৯:** নাসা অ্যাপোলো ১২ মিশন চালু করে, যা চাঁদে অবতরণের জন্য দ্বিতীয় ক্রু মিশন ছিল।

■ **১৯৯৪:** লন্ডন থেকে প্যারিস পর্যন্ত প্রথম ট্রেন চলাচলের মাধ্যমে ইউরোস্টার রেল পরিষেবা আনুষ্ঠানিকভাবে শুরু হয় ।

■ **২০০৬:** ড্যানিয়েল ক্রেগঅভিনীত জেমস বন্ড চলচ্চিত্র ক্যাসিনো রয়্যাললন্ডনে প্রিমিয়ার হয়েছিল।


■ **২০১৫:** নিউজিল্যান্ডের কাইকোউরায় ৭.৮ মাত্রার একটি ভূমিকম্প আঘাত হানে, যার ফলে প্রাণহানি ও আহত হয়।

■ **২০১৯:** ক্যালিফোর্নিয়ার সান্তা ক্লারিটারসগাস হাই স্কুলে একটি গণহত্যার ঘটনা ঘটে।

■ **ভারতে শিশু দিবস:** ১৪ নভেম্বর পালিত হয়, এটি 'বাল দিবস' নামেও পরিচিত এবং ভারতের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরুর প্রতি সম্মান প্রদর্শন, যিনি এই দিনে জন্মগ্রহণ করেছিলেন। এই দিনটি শিশুদের কল্যাণের জন্য নিবেদিত এবং সমাজের প্রতি তাদের গুরুত্ব উপস্থাপন করে।

## জন্মদিন

## আজকের দিন



জওহরলাল নেহরু

*১৮৮৯ ভারতের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহরুর জন্মদিন।*
*১৯৬৭ বিশিষ্ট ক্রিকেট খেলোয়াড় সাবা করিমের জন্মদিন।*
*১৯৮৫ বিশিষ্ট ক্রিকেট খেলোয়াড় মনোজ তিওয়ারির জন্মদিন।*

## অধিকার আদায়ে মতুয়াদের ঐক্যবদ্ধ হওয়ার ডাক অধীরের



**নিজস্ব প্রতিবেদন, ঠাকুরনগর:** অধিকার আদায়ের মতুয়াদের ঐক্যবদ্ধ হতে আহ্বান কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরীর। সমস্যার সমাধান না হওয়া পর্যন্ত ভোট বয়কট করতে বললেন তিনি। এসআইআর-এর প্রতিবাদে নিঃশর্ত নাগরিকত্বের দাবিতে ৫ নভেম্বর থেকে ঠাকুরনগর ঠাকুরবাড়িতে আমরণ অনশন করছেন মমতাবালা ঠাকুরের অল ইন্ডিয়া মতুয়া মহাসংঘের সাধু গোসাইরা। ১২ নভেম্বর থেকে অনুষ্ঠানে সামিল হয়েছেন মমতা ঠাকুর। বৃহস্পতিবার অনশন মঞ্চে আসেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। অনশন মঞ্চে উঠে মমতা ঠাকুরের সঙ্গে বেশ কিছু সময় কথা বলেন তিনি। মঞ্চে বক্তব্য রাখতে গিয়ে মতুয়াদের বিগত দিনের আন্দোলনের প্রসঙ্গ টেনে অধীর বলেন, 'মতুয়ারা আন্দোলন করে অনেক কিছু পেয়েছেন। কারণ তখন তাঁরা ঐক্যবদ্ধ ছিল। এখন সেই ঐক্যে ফাটল ধরেছে। ফলে অধিকার আদায়ের তাঁদের ঐক্যবদ্ধ হতে হবে। দুই বাড়ির টানা পড়েন যতদিন থাকবে, ততদিন এই সমস্যার সমাধান সম্ভব নয়।' একইসঙ্গে মতুয়াদের তিনি আরও বলেন, 'প্রয়োজনে আপনারা একত্রিত হয়ে ভোট বয়কট করুন। তৃণমূল, বিজেপিকে বলুন যতদিন সমস্যা সমাধান না হবে, ততদিন ভোট দেব না।' অনশনকারীদের উদ্দেশ্যে অধীর বলেন, 'ঠাকুর বাড়ির এই জায়গায় আন্দোলন করে কিছুই হবে না। না কেন্দ্র সরকার, না রাজ্য সরকার, না নির্বাচন কমিশন কেউ আপনাদের কথা শুনবে না। প্রয়োজনে আপনারা দিল্লি চলুন দিল্লিতে আন্দোলন করুন। এখানের অনশন তুলে নিন।' পাশাপাশি ঠাকুরবাড়ির দুই পরিবারের সদস্যদের উদ্দেশ্যে অধীর বলেন, 'যারা মতুয়াদের ভোটে জিতেছেন। আপনারা সব ভুলে একসঙ্গে আওয়াজ তুলুন। মতুয়াদের উদ্বাস্তু সমস্যা থেকে মুক্তি দিন।' অধীরের পর্যবেক্ষণ মতুয়াদের এই সমস্যার সমাধান এক তুড়িতে সমাধান করা যেতে পারে। ঠাকুরবাড়িতে রাজ্য সরকারের প্রতিনিধি রয়েছে কেন্দ্র সরকারের প্রতিনিধি রয়েছে তারা কথা বলুক শীতকালীন অধিবেশন শুরু হচ্ছে। সেখানে একটি অর্ডিন্যান্স পাস করে সমস্যার সমাধান করে দেওয়া যায়।

## প্রশিক্ষণ চলাকালীন অসুস্থ হয়ে পড়লেন এক মহিলা বিএলও



**নিজস্ব প্রতিবেদন, কালনা:** নির্বাচনী প্রস্তুতির অতিরিক্ত চাপ যেন ক্রমেই অসহনীয় হয়ে উঠছে শিক্ষক শিক্ষিকাদের জন্য। বৃহস্পতিবার এমনই এক দৃষ্টান্ত দেখা গেল কালনার ১ নম্বর ব্লক অফিসে, যেখানে মোবাইলে ফর্ম আপলোডের প্রশিক্ষণ চলাকালীন 'এত চাপ নিয়ে কাজ করা সম্ভব নয়', এই নিয়ে শিক্ষকদের সাথে প্রশিক্ষকদের বাগবিতণ্ডা শুরু হয়। ঠিক তখনই অসুস্থ হয়ে পড়েন এক মহিলা বিএলও। জানা গিয়েছে, অসুস্থ শিক্ষিকার নাম রিঙ্কু মজুমদার। তিনি কালনা পুরসভার ১৬ নম্বর ওয়ার্ডের বাসিন্দা এবং স্থানীয় এক স্কুলের শিক্ষিকা। এদিন দুপুরে কালনা এক নম্বর ব্লক অফিসে নির্বাচনী দপ্তরের নির্দেশে মোবাইলের মাধ্যমে ফর্ম আপলোড করার প্রশিক্ষণ চলছিল। সেই সময় আচমকাই তিনি অসুস্থ বোধ করেন। সঙ্গে সঙ্গে সহকর্মীরা তাঁকে উদ্ধার করে কালনা মহকুমা হাসপাতালে ভর্তি করেন।

## রাজ্যে প্রথম পঃ বর্ধমানে যাত্রীসাথী অ্যাপে অ্যাম্বুল্যান্স পরিষেবার সূচনা

**নিজস্ব প্রতিবেদন, দুর্গাপুর:** রাজ্যে প্রথম পশ্চিম বর্ধমানে যাত্রী সাথী অ্যাপে অ্যাম্বুল্যান্স পরিষেবার সূচনা করল সরকার। সংকটজনক রোগীকে এক হাসপাতাল থেকে অন্য হাসপাতলে নিয়ে যেতে হলে অ্যাম্বুলেন্স পেতে যেন রোগী পরিজনদের কোনও অসুবিধা না হয়, সেই কথা মাথায় রেখে এই পরিষেবা চালু করা হল। প্রসঙ্গত, আগে মোটা টাকা দাবি করা হতো অ্যাম্বুলেন্সের জন্য। দালাল চক্রের বিরুদ্ধে একাধিকবার অভিযোগ জমা পড়েছিল। এবার রাজ্য সরকার যাত্রী সাথী অ্যাপের মাধ্যমে শুরু করল নয়া পরিষেবা। দুর্গাপুরে মোট বেসরকারি ৬৮টি অ্যাম্বুলেন্স এই পরিষেবার সঙ্গে যুক্ত হল। দুর্গাপুরের গান্ধী মোড়ের বেসরকারি হাসপাতালের সামনে বৃহস্পতিবার থেকে শুরু হল এই পরিষেবা। উপস্থিত ছিলেন দুর্গাপুর ট্রাফিক গার্ডের এসিপি রাজকুমার মালাকার, এছাড়াও উপস্থিত ছিলেন ট্রাফিক গার্ডের আধিকারিকরা।

# ১১টা গ্রাম পঞ্চায়েত হাতছাড়া, প্রশাসনকে দেখে দেওয়ার অনুরোধ!

## তৃণমূল নেতৃত্বের ভিডিও ভাইরাল

**নিজস্ব প্রতিবেদন, আরামবাগ:** 'আরামবাগ সাংগঠনিক জেলার ৯৩টি গ্রাম পঞ্চায়েত এর মধ্যে ১১টা গ্রাম পঞ্চায়েত আমাদের হাতছাড়া আছে। এটা প্রশাসনকে একটু দেখে দেওয়ার জন্য বলতে হবে। ওখানে আমাদের পরিস্থিতি একটু ডেঞ্জার আছে।' এক ভার্চুয়াল বৈঠকে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে আরামবাগ সাংগঠনিক জেলা তৃণমূলের সভাপতি রামেন্দু সিংহরায়ের ভিডিও কল রেকর্ডিং ভাইরাল ঘিরে রাজনৈতিকভাবে তোলপাড় শুরু খানাকুলে।

এই ইস্যু হাত ছাড়া করেনি বিজেপি-ও। সুকান্ত মজুমদার এই বিষয়ে ট্যুইট করেছেন। তৃণমূল পুলিশ-প্রশাসনকে ভোটে কাজে লাগাতে চাইছে বলে অভিযোগ তুলেছে বিজেপি। কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি সাংসদ সুকান্ত মজুমদারও এই ভিডিও ট্যুইট করে তৃণমূলকে আক্রমণ শানিয়েছেন। খানাকুলের বিজেপি বিধায়ক সুশান্ত ঘোষও এই ভিডিও পোস্ট করেছেন সোশ্যাল মিডিয়ায়। সুকান্ত মজুমদারের অভিযোগ, 'পুলিশের সক্রিয়তা এখন বেড়ে গেছে। পুলিশকে যে কোনও মূল্যে খানাকুল, আরামবাগ, গোঘাট ও পুরশুড়া এই চারটি আসন বিধানসভা নির্বাচনে তৃণমূলের হাতে তুলে দিতে হবে। এটা অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নির্দেশ আছে। সেইমতো পুলিশ ময়দানে নেমে পড়েছে।' যদিও এবিষয়ে মুখ খুলতে চাননি আরামবাগ সাংগঠনিক জেলা তৃণমূলের সভাপতি রামেন্দু সিংহরায়। তাঁকে সাংবাদিকরা এই বিষয়ে জিজ্ঞাসা করলে তিনি 'মিটিং আছে' বলে এড়িয়ে যান। উল্লেখ্য,এই মুহূর্তে খানাকুল ২ নং ব্লকের ১১টি গ্রাম পঞ্চায়েতেই বিজেপির দখলে, খানাকুল ২ নং পঞ্চায়েত সমিতিও বিজেপির দখলে। আবার খানাকুল ১ নং ব্লকের ১৩টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে তিনটি বিজেপির দখলে। তাই এই সমস্ত দিকগুলি নিয়েও চিন্তিত তৃণমূল।

# এসআইআর সচেতনতা উত্তরপাড়ায় স্বপন দত্তর বাউল

**নিজস্ব প্রতিবেদন, হুগলি:** চারিদিকে বাংলায় এসআইআর আতঙ্কে ভুগছে বহু মানুষ। অনেকে আত্মহত্যা করছে খবরে দেখা যাচ্ছে। গতকালই হুগলি জেলার ধনেখালির মেয়ে হরিপালের গৃহবধূ এসআইআর আতঙ্কে নিজে বিষ খেয়ে ও মেয়েকে বিষ খাইয়ে আত্মহত্যা করেছে, মেয়েটিও মারা গিয়েছে। সেই খবর শুনেই রাষ্ট্রপতির সম্মানিত শিল্পী ডক্টর স্বপন দত্ত বাউল এসে পৌঁছন হুগলি জেলায় উত্তরপাড়া রেল স্টেশনে। তিনি সারা রাজ্যের উদ্দেশ্যে বাউল গানে গানে সমগ্র হুগলি জেলার মানুষকে বলেন, 'এসআইআর নিয়ে কেউ গুজবে কান দেবেন না। আতঙ্কিত হবেন না, কেউ আর আত্মহত্যা করবেন না।' শিল্পী আরও বলেন, 'আমি কেন্দ্র ও রাজ্য নির্বাচন কমিশনের সম্মানিত বাউল শিল্পী হয়ে বলছি এসআইআর শুনে কেউ ভয় খাবেন না। বৈধ ভোটার কার্ড থাকলে, আর আপনি বৈধ ভোটার হলে একজনও বাদ যাবেন না। যাদের ২০০২ সালে ভোটার লিস্টে নাম আছে বা যাদের বাবা ও মায়ের নাম আছে, তাদের কাউকে ভোটার লিস্ট থেকে বাদ দেওয়া হবে না।' বার বার বাউল গানের মাধ্যমে শিল্পী সাধারণ মানুষকে অনুরোধ করেন, 'বিএলওর কাছ থেকে এসআইআর ফর্ম নিয়ে পূরণ করে জমা দিন। সঙ্গে রাখুন বৈধ ভোটার কার্ড, আধার কার্ড, জন্ম তারিখ, দলিল, পরচা, দু'কপি পাসপোর্ট ফটো, মাধমিক, উচ্চ মাধ্যমিক, কলেজ, বিশ্ববিদ্যালয়ের জন্ম সার্টিফিকেট আছে এমন প্রমাণপত্র। হুগলি জেলার উত্তরপাড়া রেল স্টেশনে আগত মানুষের মুখে একটাই কথা, নিঃস্বার্থভাবে বিনা পারিশ্রমিকে সুদূর পূর্ব বর্ধমান থেকে এসে যেভাবে তিনি এসআইআর নিয়ে সকলের মনে সাহস যোগাচ্ছেন তা অভূতপূর্ব এবং প্রসংশনীয়।


## সস্তাসুন্দর ভেঞ্চারস লিমিটেড

কর্পোরেট আইডেন্টিটি নং (CIN) - L65993WB1989PLC047002
রেজিস্টার্ড অফিস: আজিমগঞ্জ হাউস, ৩য় তল, ৭ অবনীন্দ্রনাথ ঠাকুর সরণি (পূর্বের ক্যামাক স্ট্রিট) কলকাতা-৭০০০১৭
ই-মেল investors@sastasundar.com ● ওয়েবসাইট www.sastasundarventures.com ● দূরভাষ : ০৩৩-২২৮২ ৯৩৩০

**৩০ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধ বর্ষের স্ট্যান্ডঅ্যালোন ও কনসোলিডেটেড অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ**

(ইপিএস ব্যতীত লক্ষ টাকায়)

| বিবরণ | স্ট্যান্ডঅ্যালোন | | | | | | কনসোলিডেটেড | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | সমাপ্ত ত্রৈমাসিকের জন্য | | | সমাপ্ত অর্ধ বর্ষ | | সমাপ্ত বর্ষ | সমাপ্ত ত্রৈমাসিকের জন্য | | | সমাপ্ত অর্ধ বর্ষ | | সমাপ্ত বর্ষ |
| | ৩০-সেপ্টে-২৫ (অনিরীক্ষিত) | ৩০-জুন-২৫ (অনিরীক্ষিত) | ৩০-সেপ্টে-২৪ (অনিরীক্ষিত) | ৩০-সেপ্টে-২৫ (অনিরীক্ষিত) | ৩০-সেপ্টে-২৪ (অনিরীক্ষিত) | ৩১-মার্চ-২৫ (নিরীক্ষিত) | ৩০-সেপ্টে-২৫ (অনিরীক্ষিত) | ৩০-জুন-২৫ (অনিরীক্ষিত) | ৩০-সেপ্টে-২৪ (অনিরীক্ষিত) | ৩০-সেপ্টে-২৫ (অনিরীক্ষিত) | ৩০-সেপ্টে-২৪ (অনিরীক্ষিত) | ৩১-মার্চ-২৫ (নিরীক্ষিত) |
| মোট আয় কার্যাদি থেকে (নিট) | ৯.৭৮ | ৯.৬৭ | ১১.১৮ | ১৯.৪৫ | ১৯.৩৭ | ৪০.৪০ | ৩০,১৩২.০৬ | ২৯,৮৪২.৮২ | ২৭,৩৫৩.০৭ | ৫৯,৯৭৪.৮৮ | ৫৪,৩৮২.৩৬ | ১,১১,০৯৫.৪৬ |
| সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) কর, ব্যতিক্রমী এবং অতিরিক্ত দফা পূর্ব | (২৭.৯৮) | (১০.৯৫) | (৩১.৯০) | (৩৮.৯৩) | (৫৪.০৫) | (৭১.৩৭) | (১,৮৪৭.১১) | ৩,০১৮.৬৬ | ১,৬০৪.৮১ | ১,১৭১.৫৫ | ৩,৯৬৯.১৪ | (২২৩.১৯) |
| কর পূর্ব সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) (ব্যতিক্রমী এবং অতিরিক্ত দফা পরবর্তী) | (২৭.৯৮) | (১০.৯৫) | (৩১.৯০) | (৩৮.৯৩) | (৫৪.০৫) | (৭১.৩৭) | (১,৮৬৩.৭২) | ৩,০১৮.৬৬ | (১৭,৩৬২.৭৮) | ১,১৫৪.৯৪ | (১৪,৮৯৮.৪৫) | (১৯,২৮৬.১০) |
| কর পরবর্তী সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) (ব্যতিক্রমী এবং অতিরিক্ত দফা পরবর্তী) | (২৭.৯৮) | (১০.৯৫) | (৩১.৯০) | (৩৮.৯৩) | (৫৪.০৫) | (৭১.৩৭) | (১,৫৪৩.৯৩) | ২,৬৫৯.২১ | (১৫,৪৭৮.৭৬) | ১,১১৫.২৮ | (১১,৩৩২.৩৩) | (১৩,৩৫৪.৩০) |
| সময়কালের জন্য মোট আনুপুঙ্খিক আয় /(ক্ষতি) | (২৮.২৭) | (১১.৪৭) | (৩১.৩৮) | (৩৯.৭৪) | (৫৩.০১) | (৭২.৯৮) | (১,৫১১.১০) | ২,৬৮৩.৫১ | (১৫,৪৮৬.৪৮) | ১,১৭২.৪১ | (১১,৩১৩.৯৮) | (১৩,৩৯৯.১০) |
| পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধন (ফেসভ্যালু প্রতি শেয়ার ১০/- টাকা) | ৩,১৮১.০৫ | ৩,১৮১.০৫ | ৩,১৮১.০৫ | ৩,১৮১.০৫ | ৩,১৮১.০৫ | ৩,১৮১.০৫ | ৩,১৮১.০৫ | ৩,১৮১.০৫ | ৩,১৮১.০৫ | ৩,১৮১.০৫ | ৩,১৮১.০৫ | ৩,১৮১.০৫ |
| পুনর্মূল্যায়ণ সংরক্ষণ ব্যতীত অন্যান্য ইক্যুইটি | - | - | - | - | - | ২৩,৯৯৯.৪৮ | - | - | - | - | - | ৬৩,৮০৬.০৫ |
| শেয়ার পিছু আয় (মৌলিক) | (০.০৯)* | (০.০৩)* | (০.১০)* | (০.১২)* | (০.১৭)* | (০.২২)* | (৩.৯৯)* | ৭.৫২* | (৩৪.৪০)* | ৩.৫৩* | (২৪.৪৯)* | (২৮.৬৬)* |
| শেয়ার পিছু আয় (মিশ্রিত) | (০.০৯)* | (০.০৩)* | (০.১০)* | (০.১২)* | (০.১৭)* | (০.২২)* | (৩.৯৯)* | ৭.৫২* | (৩৪.৪০)* | ৩.৫৩* | (২৪.৪৯)* | (২৮.৬৬)* |

*বার্ষিকীকৃত নয়

**দ্রষ্টব্য :**

১. উপরেরটি ৩০ সেপ্টেমম্বর, ২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধবর্ষের স্ট্যান্ডঅ্যালোন ও কনসোলিডেটেড অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিস্তারিত ছকের একটি সারাংশ, যা সেবি (লিস্টিং অবলিগেশনস্ অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস্, ২০১৫-র রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে ফাইল করা হয়েছে। আর্থিক ফলাফলের পূর্ণ ছক, স্টক এক্সচেঞ্জ (সমূহর) ওয়েবসাইট অর্থাৎ www.bseindia.com এবং www.nseindia.com এবং কোম্পানির ওয়েবসাইট- www.sastasundarventures.com এও পাওয়া যাবে।

২. আইএনডিএএস আইন অনুযায়ী ব্যতিক্রমী সমূহ লাভ ও ক্ষতির খাতায় বিন্যস্ত করা হয়েছে।

বোর্ডের পক্ষে
সস্তাসুন্দর ভেঞ্চারস লিমিটেড
বানওয়ারি লাল মিত্তাল
চেয়ারম্যান এবং ম্যানেজিং ডিরেক্টর
DIN - 00365809

স্থান: কলকাতা
তারিখ: ১৩ নভেম্বর, ২০২৫

## ASHIANA HOUSING LIMITED

Regd. Off. : 5F Everest, 46/C, Chowringhee Road, Kolkata - 700 071
Head off. : 304, Southern Park, Saket District Centre, Saket, New Delhi - 110 017
Telephone number : 011-4265 4265, Official E-mail : investorrelations@ashianahousing.com, Website : www.ashianahousing.com
CIN : L70109WB1986PLC040864

**STATEMENT OF STANDALONE AND CONSOLIDATED UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND HALF YEAR ENDED ON 30TH SEPTEMBER, 2025**

(Rs. in Lakhs except EPS)

| Sl. No. | Particulars | STANDALONE | | | | CONSOLIDATED | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Quarter ended 30.09.2025 (Unaudited) | Quarter ended 30.09.2024 (Unaudited) | Half Year ended 30.09.2025 (Unaudited) | Year ended 31.03.2025 (Audited) | Quarter ended 30.09.2025 (Unaudited) | Quarter ended 30.09.2024 (Unaudited) | Half Year ended 30.09.2025 (Unaudited) | Year ended 31.03.2025 (Audited) |
| 1 | Total Income From Operations | 16,094 | 4,207 | 44,379 | 48,206 | 17,618 | 5,953 | 47,890 | 55,745 |
| 2 | Net Profit/(Loss) for the Period (Before Tax, Exceptional And /Or Extraordinary Items) | 4,109 | (886) | 5,883 | 3,352 | 3,615 | (1,049) | 5,420 | 3,119 |
| 3 | Net Profit/(Loss) for the Period Before Tax (After Exceptional And /Or Extraordinary Items) | 4,109 | (886) | 5,883 | 2,852 | 3,615 | (1,049) | 5,420 | 2,619 |
| 4 | Net Profit/(Loss) for the Period After Tax (After Exceptional And /Or Extraordinary Items) | 3,220 | (701) | 4,497 | 1,843 | 2,754 | (755) | 4,026 | 1,824 |
